# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং: ৫৭/২০২৪

তারিখ: ০৭ পৌষ ১৪৩১ / ২২ ডিসেম্বর ২০২৪

### নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর এ **'প্রধান প্রকৌশলী'** পদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| পদের নাম | পদের সংখ্যা | গ্রেড | বেতনস্কেল, ২০১৫ | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| প্রধান প্রকৌশলী | ১ | ৩য় | ৫৬৫০০-৭৪৪০০/- | ক) যন্ত্রকৌশল/তড়িৎকৌশল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী।<br>খ) সরকারি উৎপাদন/প্রকাশনা বা বেসরকারি বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে প্রধান প্রকৌশলী বা সমমান পদের অব্যবহিত পূর্ব পদে ০২ বছরের অভিজ্ঞতাসহ সহকারী প্রকৌশলী ও তদূর্ধ্ব পদে ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা।<br>গ) সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ যে কোন ২টিতে ১ম শ্রেণি থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |

০১। (ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি ও সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য বিভাগ |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

(গ) O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

০২। **বয়স (২২/১২/২০২৪ তারিখে) সর্বোচ্চ ৫৪ বছর।**

০৩। আগ্রহী প্রার্থীদেরকে চাকরির আবেদনপত্র এবং আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি, ০৭ নং ক্রমিকে বর্ণিত জীবন বৃত্তান্ত (সিভি) ও এ সংক্রান্ত দলিলাদি (একাডেমিক সনদপত্র, ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য যাচিত দলিলাদির সত্যায়িত অনুলিপি) **পরিচালক (এইচআরডি-১), হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০** বরাবর সরাসরি অথবা ডাকযোগে **আগামী ২৩/০১/২০২৫ তারিখের মধ্যে পৌছাতে হবে।** নির্ধারিত সময়ের পরে অত্র কার্যালয় কর্তৃক গৃহীত আবেদনপত্র কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হবে।

০৪। বেসরকারি বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে কর্মরত থাকলে, কর্মরত প্রতিষ্ঠানের Hierarchy এবং Hierarchy-তে আবেদনকারীর অবস্থান উল্লেখপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ০৩ নং ক্রমিকে যাচিত দলিলাদির সাথে দাখিল করতে হবে।

০৫। আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সনদ জমা দিতে হবে।

০৬। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ নিয়োগের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন না। বাংলাদেশের নাগরিক নয় প্রার্থীর এরূপ স্ত্রী বা স্বামী থাকলে অথবা বিবাহ বন্ধনের জন্য চুক্তিবদ্ধ হলে নিয়োগের জন্য অনুপযুক্ত বিবেচিত হবেন।

০৭। 'প্রধান প্রকৌশলী' পদে আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত ছক অনুযায়ী জীবন বৃত্তান্ত প্রস্তুত করে চাকরির আবেদনপত্র ও তৎসংশ্লিষ্ট দলিলাদির সাথে জমা দিতে হবে:

**ছক**

**জীবন বৃত্তান্ত**

পদের নাম: প্রধান প্রকৌশলী

১। (ক) প্রার্থীর নাম (বাংলায়) :

(খ) প্রার্থীর নাম (ইংরেজিতে) :

২। (ক) পিতার নাম (বাংলায়) :

(খ) পিতার নাম (ইংরেজিতে) :

(গ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :

৩। (ক) মাতার নাম (বাংলায়) :

(খ) মাতার নাম (ইংরেজিতে) :

৪। বর্তমান ঠিকানা :

৫। স্থায়ী ঠিকানা :

৬। জন্ম তারিখ :

৭। বয়স (২২/১২/২০২৪) তারিখে :

৮। জাতীয় পরিচয়পত্রের নম্বর :

৯। জাতীয়তা :

১০। মোবাইল নম্বর :

১১। ই-মেইল :

১২। শিক্ষাগত যোগ্যতা :

| ক্র. নং | ডিগ্রী | শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১৩। অবসর গ্রহণের তারিখ (ইতোপূর্বে চাকরি হতে অবসর গ্রহণ করে থাকলে) :

১৪। অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ :

| ক্র. নং | পদের নাম | কর্মরত প্রতিষ্ঠানের নাম | পদসংশ্লিষ্ট বিভাগ/ শাখার নাম | সহকারী প্রকৌশলী পদের সমমান কিনা (হ্যা/না/তদূর্ধ্ব) | সংশ্লিষ্ট পদে কার্যকাল |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

আমি এ মর্মে ঘোষণা প্রদান করছি যে, উপরে বর্ণিত সকল তথ্যাদি সঠিক এবং নির্ভুল। বর্ণিত তথ্যে কোন ভুল/অসত্য প্রমাণিত হলে তার জন্য আমি দায়ী থাকব।

স্বাক্ষর :

০৮। বর্ণিত পদের ক্ষেত্রে কোন কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

০৯। আলোচ্য পদে আবেদনের ক্ষেত্রে কোন আবেদন ফি প্রদান করতে হবে না।

১০। চাকরিরত প্রার্থীগণ তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১১। পদের সংখ্যা কম/বেশি হতে পারে।

১২। যাচিত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে বাছাইকৃত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।

১৩। বর্ণিত পদে শুধু মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।

১৪। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হবে।

১৫। কর্তৃপক্ষ প্রয়োজনে এই বিজ্ঞপ্তির কার্যক্রম যেকোন পর্যায়ে সংশোধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

**স্বাক্ষরিত/-**
**(মোঃ জবদুল ইসলাম)**
পরিচালক (এইচআরডি-১)